যুগান্তর

তারিখ ...12 .OCT.. 2015. ...
পৃষ্ঠা ...১৮... কলাম.... ৫......

# রৌমারীতে শিক্ষা কর্মকর্তার অপসারণ দাবিতে বিক্ষোভ

**রৌমারী (কুড়িগ্রাম) প্রতিনিধি**

কুড়িগ্রামে রৌমারী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রেজাউল কবীর এর অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে খেদাইমারী নিম্নমাধ্যমিক স্কুলের শিক্ষক-শিক্ষার্থী ও এলাকাবাসী বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। রবিবার দুপুর ১২টার দিকে খেদাইমারী এলাকাবাসী বিক্ষোভ মিছিল নিয়ে উপজেলা-শহর প্রদক্ষিণ করে। পরে উপজেলা চত্বরে সমাবেশ করে ইউএনও বরাবর লিখিত অভিযোগ দায়ের করে। সমাবেশে বক্তব্য রাখেন আবদুর রাজ্জাক, শফিকুর রহমান, হাসান আলী, আবদুর রশীদ, জুরান দেওয়ানী, অভিভাবক আবদুর রশিদ প্রমুখ। বক্তারা অবিলম্বে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা রেজাউল কবীরকে প্রত্যাহারের দাবি জানান। ইউএনও বরাবর দায়ের করা অভিযোগে জানা গেছে, খেদাইমারী নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের এডহক কমিটি ও প্রধান শিক্ষক নিয়ে অনিয়ম আর দুর্নীতিতে মেতে উঠেছে শিক্ষা কর্মকর্তা রেজাউল কবীর।